## আইসিটি বিভাগ

তারিখ: ২৬-০৭-২০২২

**বিষয়ঃ ইনোভেশন কমিটির জুলাই-২০২২ এর মাসিক সভার কার্যবিবরণী**

উপব্যবস্থাপনা পরিচালক এবং ইনোভেশন অফিসার জনাব ওয়াহিদা বেগম মহোদয়ের সভাপতিত্বে ২৬-০৭-২০২২ তারিখ বিকাল ৪:০০ ঘটিকায় ব্যাংকের বোর্ড রুমে ইনোভেশন কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কমিটির সকল সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

২। সভার শুরুতে ইনোভেশন টিমের সভাপতি ও উপব্যবস্থাপনা পরিচালক মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ইনোভেশন কমিটির সদস্য ও সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ হাসান মাহমুদ সভায় পূর্ববর্তি সভার কার্যবিবরণী আলোচনা করেন। তিনি মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ সভায় উপস্থাপন করেন এবং নির্দেশিকা মোতাবেক করণীয় বিষয়বস্তুসমূহ সভায় উপস্থাপন করেন। তৎপ্রেক্ষিতে অদ্যকার সভায় বিশদ আলোচনা পর্যালোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র নং | আলোচনার বিষয় | আলোচনা | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| ১.১ | ২০২২-২০২৩ অর্থ-বছরের সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারনা বাস্তবায়ন | মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ মোতাবেক ব্যাংকের সার্বিক কার্যক্রম আধুনিকায়ন, গতিশীল, সহজিকরণ ও গ্রাহক সেবার মান উন্নয়নের লক্ষ্যে ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য সিটিজেন চার্টারভুক্ত সেবাসমূহ সহজিকরণ /ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের উদ্দেশ্যে উদ্ভাবনী ধারণা আহবান করতে হবে। এলক্ষ্যে ব্যাংকের সকল কার্যালয় ও শাখা বরাবরে উদ্ভাবনী ধারণা আহ্বান করে পত্র প্রেরণ করা যেতে পারে। | • আগামী ১৭-০৮-২০২২ তারিখের মধ্যে ব্যাংকের সকল কার্যালয় ও শাখা হতে উদ্ভাবনী আইডিয়া সংগ্রহ করার জন্য পত্র প্রেরণ করা।<br>• ব্যাংকের সকল আঞ্চলিক ব্যবস্থাপকবৃন্দকে নিয়ে উদ্ভাবনী ধারণা প্রদান বিষয়ক দিকনির্দেশনা প্রদানের জন্য একটি অন লাইন মিটিং এর আয়োজন করতে হবে। | আইসিটি বিভাগ |
| ১.২ | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেইজ প্রস্তুত করা এবং সেবাসমূহ চালু রাখা | ইতঃপূর্বে যেসকল উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজিকরণ ও সেবা ডিজিটাইজ করা হয়েছে, সে সকল সেবার তালিকা, বর্তমানে কার্যকর আছে কিনা এবং সহজিকরণ/ ডিজিটাইজেশন/উদ্ভাবনের ফলে সেবাগ্রহীতাগণ প্রত্যাশিত সুফল পাচ্ছে কিনা- এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রদত্ত ছক অনুযায়ী দ্রুত ডাটাবেইজ তৈরি করার বিষয়ে বিশদ আলোচনা করা হয়। | • কর্মসম্পাদন সূচকে অসাধারণ মান অর্জনের জন্য ১৩-১০-২০২২ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রদত্ত ছক অনুযায়ী ব্যাংকে ইতোমধ্যে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরণ/ সেবা ডিজিটাইজেশন ডাটাবেইজ প্রস্তুত করতে হবে। | আইসিটি বিভাগ |
| ১.৩ | ই-নথির ব্যবহার বৃদ্ধি | ই-নথি সংক্রান্ত আলোচনায় সভাকে অবহিত করা হয় যে, বর্তমানে ই-নথির মূল সার্ভারে আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের কোন ইউজার আইডি বা একসেস নাই। ই-নথি সার্ভার আপগ্রেডেশনের কাজ চলমান থাকায় নতুনভাবে কোন ইউজার ই-নথিতে যুক্ত করা সম্ভব হচ্ছেনা বলে ই-নথি কর্তৃপক্ষ জানিয়েছে। ই-নথির ট্রেনিং সার্ভারে অত্র ব্যাংকের একসেস রয়েছে। সেক্ষেত্রে ই-নথি ট্রেনিং সার্ভারে নোট নিষ্পত্তি করা যেতে পারে। | • ই-নথি ট্রেনিং সার্ভারে নোট নিষ্পত্তি করতে হবে।<br>• মূল সার্ভারে একসেসের জন্যে এটুআই এর সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | আইসিটি বিভাগ |

চলমান পাতা-০২

বিষয়ঃ ইনোভেশন কমিটির জুলাই-২০২২ এর মাসিক সভার কার্যবিবরণী

| ক্র নং | আলোচনার বিষয় | আলোচনা | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| ১.৪ | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলা সংক্রান্ত আলোচনায় সভাপতি মহোদয় মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত আইন/পলিসি সম্পর্কে বিশদ তথ্য উপাত্ত দ্রুততম সময়ের মধ্যে সংগ্রহ করার নির্দেশনা প্রদান করেন। উক্ত আইন/পলিসি মোতাবেক ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় অত্র ব্যাংকের জন্য উপযোগী কর্মপরিকল্পনা প্রণয়ন করা যেতে পারে। | • ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলা সংক্রান্ত বিষয়ে মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত আইন/ পলিসি সংক্রান্ত তথ্য উপাত্ত সংগ্রহপূর্বক পরবর্তী সভায় উপস্থাপনপূর্বক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | ইনোভেশন কমিটি |
| ২.১ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়নের মেইন ম্যানুর আওতাধীন সাবম্যানুসমূহ; সেবাবক্সের লিংক; নোটিশবোর্ড; বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা; জাতীয় শুদ্ধাচার কার্যক্রম; সেবা প্রদান প্রতিশ্রুতি; অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা; তথ্য অধিকার; সেবা সহজিকরণ, ডিজিটাইজেশন ও উদ্ভাবন কার্যক্রম ইত্যাদি সংক্রান্ত তথ্যাদি নিয়মিত ও তাৎক্ষনিক হালনাগাদ করার ব্যাপারে মতামত ব্যক্ত করা হয়। | • ব্যাংকের তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদকরণের উদ্দেশ্যে সংশ্লিষ্ট সকল বিভাগকে আইসিটি বিভাগ বরাবরে যথাযথভাবে তথ্য প্রেরণের অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করতে হবে। | আইসিটি বিভাগ |
| ২.২ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | • **কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন:** ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নে আয়োজিত প্রশিক্ষণসমূহে রিসোর্স পারসন হিসেবে অভিজ্ঞ ও দক্ষ প্রশিক্ষক মনোনীত করতে হবে। বিশেষ করে মন্ত্রণালয়ের কেবিনেট ডিভিশন, এটুআই বা আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে যোগাযোগ করে প্রশিক্ষক নির্বাচনের জন্য ব্যাংকের ট্রেনিং ইনস্টিটিউটকে নির্দেশনা প্রদান করতে হবে।<br>• **কর্মপরিকল্পনা বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয় প্রসঙ্গে:** ২০২২-২০২৩ অর্থ বছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন খাতে বরাদ্দ ৪০.০০ লক্ষ টাকা নির্ধারিত সময়ের মধ্যে ব্যয় করার জন্য নিম্নোক্ত বিষয়সমূহ বাস্তবায়নের সম্ভাব্যতা পর্যালোচনা করা হয়:<br>– কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণসমূহ এটুআই, মন্ত্রীপরিষদ বিভাগ বা আর্থিক প্রতিষ্ঠান বিভাগের রিসোর্স পারসন এর মাধ্যমে সম্পাদন করা।<br>– ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা বিষয়ক কর্মশালায় সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ রিসোর্স পারসন দ্বারা প্রশিক্ষণসমূহ পরিচালনা করা।<br>– ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারনাসমুহ চালু রাখা সংক্রান্ত যাবতীয় ব্যয় ইনোভেশন খাত থেকে নির্বাহ করা। | • ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা সংক্রান্ত সকল প্রশিক্ষণ যথাসময়ে সম্পন্ন করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ট্রেনিং ইনস্টিটিউট বারাবরে পত্র প্রেরণ করতে হবে।<br>• রিসোর্স পারসন হিসেবে মন্ত্রীপরিষদ বিভাগ, এটুআই বা আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে যোগাযোগ করে রিসোর্স পারসন নির্বাচনের জন্য ব্যাংকের ট্রেনিং ইনস্টিটিউটকে নির্দেশনা প্রদানপূর্বক পত্র প্রেরণ করতে হবে। | ট্রেনিং ইনস্টিটিউট |

চলামান পাতা-০৩

বিষয়ঃ ইনোভেশন কমিটির জুলাই-২০২২ এর মাসিক সভার কার্যবিবরণী

| ক্র নং | আলোচনার বিষয় | আলোচনা | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| | | – দেশের বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন বিষয়ে অত্র ব্যাংকে ইনোভেশন সংক্রান্ত কাজে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত এবং ইতঃপূর্বে সফলভাবে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণার সাথে সম্পৃক্ত (যথা-ধারণা প্রদানকারী, বাস্তবায়নকারী, মেন্টর) বিবেচনা করা যেতে পারে। এক্ষেত্রে একাধিক টিম গঠন করে একাধিক প্রকল্প পরিদর্শন করা যেতে পারে এবং এ সংক্রান্ত যাবতীয় ব্যয় ইনোভেশন খাত হতে নির্বাহ করা যেতে পারে।<br>– উদ্ভাবনী কাজে উৎসাহ প্রদানের জন্য ২০২২-২০২৩ অর্থ-বছরে সফলভাবে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা প্রদানকারী, বাস্তবায়নকারী ও মেন্টরকে প্রনোদনা প্রদান সংক্রান্ত ব্যয় ইনোভেশন খাত থেকে নির্বাহ করা যেতে পারে।<br>– ব্যাংকে ইনোভেশন কার্যক্রম এবং এর মাধ্যমে সহজিকৃত সেবাসমূহ সম্পর্কে গ্রাহক সচেতনা বৃদ্ধির জন্য বুকলেট বা ব্রোশিয়ার প্রকাশ করা যেতে পারে। এ বাবদ ব্যয়কৃত অর্থ ইনোভেশন খাত থেকে নির্বাহ করা যেতে পারে। | • ইনোভেশন খাত হতে ব্যয় নির্বাহ করার জন্য উপস্থাপিত বিষয়সমূহ বাস্তবায়ন এর বিষয়ে পরবর্তী সভায় বিস্তারিত আলোচনা করে সদয় সিদ্ধান্ত নেয়া হবে। | ইনোভেশন কমিটি |
| | | • **অর্ধ-বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত প্রসঙ্গে:** অর্ধ-বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন যথাসময়ে প্রস্তুত করার জন্য সভায় আলোচনা হয়। নির্ধারিত সময়ে অর্ধ-বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতকরণ এবং তা যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | • অর্ধ-বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর নির্ধারিত সময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | আইসিটি বিভাগ |
| | | • **দেশে/বিদেশে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যাগ পরিদর্শন প্রসঙ্গে:** দেশে/বিদেশে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের ক্ষেত্রে বর্তমানে সরকার কর্তৃক গৃহীত ব্যয় সংকোচন নীতি অনুসরণপূর্বক দেশের অভ্যন্তরে অবস্থিত পরিদর্শনযোগ্য যে কোন উদ্যোগ পরিদর্শনের বিষয়ে মতামত ব্যক্ত করা হয়। | • বর্তমানে সরকার কর্তৃক গৃহীত ব্যয় সংকোচন নীতি অনুসরণপূর্বক দেশের অভ্যন্তরে অবস্থিত ও বাস্তবায়িত উদ্যোগ এবং পরিদর্শনের জন্য উপযুক্ত উদ্যোগসমূহের একটি তালিকা প্রস্তুতপূর্বক বিস্তারিত তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | আইসিটি বিভাগ |

চলমান পাতা-০৪

**বিষয়ঃ ইনোভেশন কমিটির জুলাই-২০২২ এর মাসিক সভার কার্যবিবরণী**

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ সাজ্জাদ হোসেইন তামিম
প্রিন্সিপাল অফিসার
আইসিটি বিভাগ
ও সদস্য, ইনোভেশন টিম

তৌহিদ মোহাম্মদ শোয়েব
প্রোগ্রামার
আইসিটি বিভাগ
ও সদস্য সচিব, ইনোভেশন টিম

মোঃ আব্দুল লতিফ
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
কেন্দ্রীয় হিসাব বিভাগ
ও সদস্য ইনোভেশন টিম

মোহাম্মদ হাসান মাহমুদ
সিস্টেম এনালিস্ট
আইসিটি বিভাগ
ও সদস্য, ইনোভেশন টিম

বাদল চন্দ্র দেবনাথ
উপমহাব্যবস্থাপক ও সচিব, পরিচালনা বোর্ড
ও সদস্য, ইনোভেশন টিম

জেড. এম হাফিজুর রহমান
মহাব্যবস্থাপক
অপারেশন,নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ
ও সদস্য, ইনোভেশন টিম

ওয়াহিদা বেগম
উপব্যবস্থাপনা পরিচালক
এবং
ইনোভেশন অফিসার

সূত্র নং- ১/২২/১১১/ ৪৮৬ তারিখঃ ২৮/৭/২২

বিতরন:-

১। স্টাফ অফিসার টু ডিএমডি, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার টু জিএম, মহাব্যবস্থাপক (অপারেশন, হিসাব ও নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। সচিব, পরিচালনা বোর্ড, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। জনাব মোঃ আব্দুল লতিফ, সিনিয়র প্রিন্সিপাল অফিসার, কেন্দ্রীয় হিসাব বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। জনাব তৌহিদ মোহাম্মদ শোয়েব, প্রোগ্রামার, আইসিটি বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। জনাব মোঃ সাজ্জাদ হোসেইন তামিম, প্রিন্সিপাল অফিসার, আইসিটি বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি: -**

১। স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার টু জিএম, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।